



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা
নগর, ঢাকা।
লাইসেন্সিং শাখা



স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৫.১৯৬.১৯.১০০৮

তারিখ: ২৮ আষাঢ়, ১৪৩০

১২ জুলাই ২০২৩

বিষয়: **Weblink Communication Limited** এর অনুকূলে ইস্যুকৃত জাতীয় আইএসপি লাইসেন্স নবায়ন এবং জাতীয় আইএসপি লাইসেন্সে রূপান্তর প্রসঙ্গে।

সূত্র: **Weblink Communication Limited** এর পত্র নং-নাই, তারিখঃ ১৩-০৯-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান **Weblink Communication Limited** কর্তৃক দাখিলকৃত জাতীয় আইএসপি লাইসেন্স ২৮-০৬-২০২১ হতে ২৭-০৬-২০২৬ মেয়াদে নবায়ন ও জাতীয় আইএসপি লাইসেন্স এ রূপান্তরের আবেদনটি নিম্নোক্ত শর্তে অনুমোদন প্রদান করা হলোঃ

- (১) প্রতিষ্ঠানটি কর্তৃক প্যারেন্টাল গাইডেন্স প্রদানসহ তা প্রতিপালন করতে হবে;
- (২) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে **ISPAB**-এর সদস্য পদ গ্রহণ করতে হবে;
- (৩) প্রতি সপ্তাহে গ্রাহকদের হালনাগাদ তালিকা স্থানীয় থানা এবং বিটিআরসিতে প্রেরণ করতে হবে;
- (৪) আপনার প্রতিষ্ঠান কেবলমাত্র লাইসেন্সের জন্য নির্ধারিত ভৌগোলিক সীমানাতেই আইনসম্মত কর্মকাণ্ড পরিচালনা করতে পারবে;
- (৫) প্রতিষ্ঠানটিকে **CCTV** এর আওতায় আনতে হবে এবং এ সংক্রান্ত তথ্য কমিশনে প্রদান করতে হবে;
- (৬) বিটিআরসি'র **DIS (Data Information System)** সহ অন্যান্য ডাটাবেইজসমূহে লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিয়মিত তথ্য প্রদান করতে হবে;
- (৭) আইএসপি গাইডলাইনের ধারা ৩৮.১০ অনুযায়ী সাইবার ক্যাফেসহ সকল সেবা গ্রহণকারীদের **IP Log** সংরক্ষণ করতে হবে এবং চাহিবা মাত্র প্রদান করতে হবে;
- (৮) আইএসপি লাইসেন্স **Conversion** এর ক্ষেত্রে মূল লাইসেন্স গ্রহণের সময় কমিশনের **DIS** এ হালনাগাদ তথ্য প্রদানের প্রমাণক প্রদান করতে হবে;
- (৯) বিটিআরসি'র রোট লাইসেন্সধারীকে অবশ্যই মেনে চলতে হবে অন্যথায় লাইসেন্স বাতিল হতে পারে;
- (১০) সরকার কর্তৃক অনুমোদিত “এক দেশ এক রোট” সহ অন্যান্য সকল ট্যারিফ বিটিআরসি'র সিস্টেমস এন্ড সার্ভিসেস (এসএস) বিভাগ হতে লিখিত অনুমতি গ্রহণ করতে হবে;

(১১) লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে বিটিআরসি'র রेट অনুযায়ী গুনগত মান বজায় রেখে গ্রাহকদেরকে আইএসপি সেবা প্রদান করতে হবে;

(১২) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান কোন প্রকার এজেন্ট নিয়োগ করতে পারবে না;

(১৩) আইএসপি গাইডলাইন এর ধারা ৩৬ অনুযায়ী **Web Based Access** এর জন্য কমিশনকে প্রয়োজনীয় অনলাইন মনিটরিং সিস্টেম ও কানেক্টিভিটি প্রদান করতে হবে;

(১৪) লাইসেন্সের কোন শর্ত কিংবা উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করা যাবে না; কোন শর্ত ভঙ্গ করলে সরকার যেকোন সময় লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

(১৫) কোন কারণ ব্যতিরেকে যেকোন সময় এ আদেশ বাতিলের এখতিয়ার সরকার কর্তৃক সংরক্ষিত।

ক্রম ৬ অনুযায়ী **DIS** এ হালনাগাদ তথ্য প্রদানের প্রমাণক ইএন্ডও বিভাগের নিকট থেকে গ্রহণ করতে হবে। এক্ষেত্রে জনাব শেখ তানবীর আহমাদ, উপ-সহকারী পরিচালক ([Email:tanbir@btrc.gov.bd](mailto:tanbir@btrc.gov.bd)) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবেন।

এমতাবস্থায়, **Weblink Communication Limited** এর অনুকূলে ইতিপূর্বে ইস্যুকৃত জাতীয় আইএসপি লাইসেন্সের বইটি কমিশনে সমর্পণ করত আইএসপি গাইডলাইনের আওতায় প্রতিষ্ঠানটির অনুকূলে ইস্যুকৃত জাতীয় আইএসপি লাইসেন্সের নতুন বই (লাইসেন্স নং-14.32.0000.702.45.196.19.90; তারিখঃ 12-07-2023) অনতিবিলম্বে কমিশন হতে সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য যে, আইএসপি গাইডলাইনের ক্লজ নং-১৭ এর বিধান মোতাবেক নির্ধারিত ফরম্যাট অ্যাপেন্ডিক্স-৫ (**Appendix-5**) অনুযায়ী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার ব্যাংক গ্যারান্টি (**BG**) কমিশনের অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগে জমা প্রদান পূর্বক রিসিভ কপি লাইসেন্স এর নতুন বই গ্রহণের সময় অত্র বিভাগে জমা প্রদান করতে হবে। আরো উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের নতুন লাইসেন্স গ্রহণ অথবা ইতিপূর্বে জমাকৃত **BG** (যদি থাকে) ফেরত গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক/অংশীদারগণের অবর্তমানে বাধ্যতামূলকভাবে মালিক/অংশীদারগণ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা (**Authorization**) প্রদান করতে হবে।

সংযুক্তি: ব্যাংক গ্যারান্টি ফরম্যাট।



১২-৭-২০২৩

শাহ মোঃ জুলফিকারুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক
ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১
ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭


Managing Director, Weblink
Communication Limited, 1st Floor,
Sarkar Super Complex, Bazar
Road, Mawna Chowrasta, Sreepur,
Gazipur.

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৫.১৯৬.১৯.১০০৮/১(৩)

তারিখ: ২৮ আষাঢ়. ১৪৩০
১২ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (১), ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন



১২-৭-২০২৩

আখেরুল ইসলাম
উপ সহকারী পরিচালক